চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-২১ ডিসেম্বর ২০১৭ খ্রি.

ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদের সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধান, উত্তর কাট্টলীবাসী ও মিলেনিয়াম হিউমেন রাইটস এন্ড জার্নালিস্ট ফাউন্ডেশনের মতবিনিময়

২১ ডিসেম্বর ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় ও শাখা প্রধানদের সাথে বৈঠক, উত্তর কাট্টলীবাসী ও মিলেনিয়াম হিউমেন রাইটস এন্ড জার্নালিস্ট ফাউন্ডেশনের মতবিনিময় করেন। এ সকল মতবিনিময়ে ভারপ্রাপ্ত মেয়র বলেন , চট্টগ্রাম সিটি কর্পোরেশন নাগরিক সেবার একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী সকলের দায়বদ্ধতা রয়েছে। কর্মকর্তা ও কর্মচারী হিসেবে সকলকে সততা ও নিষ্ঠার সাথে নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করতে হবে। ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু উত্তর কাট্টলীবাসী ও মিলেনিয়াম হিউমেন রাইটস এন্ড জার্নালিস্ট ফাউন্ডেশনের নেতৃবৃন্দের উদ্দেশ্যে বলেন, সকলের সম্মিলিত প্রয়াসে চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি মডেল কর্পোরেশন হিসেবে নগরবাসীর শতভাগ সেবা সকলের দোরগোড়ায় পৌছে দিতে সক্ষম হবে। তিনি হিংসা-বিদ্বেষ পরিহার করে নাগরিক সেবার স্বার্থে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। এ সকল অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় ও শাখা প্রধান ছাড়াও উত্তর কাট্টলীবাসীর পক্ষে মো. ইকবাল চৌধুরী, কামাল উদ্দিন মাষ্টার, শংকর দাশ রবিন, সাইদুর রহমান পুতুল, আবু সুফিয়ান, সুভাষ দাশ, গিয়াস উদ্দিন চৌধুরী, রাজিবুল মুবিন এ্যামিল, শিপলু বিশ্বাস মিত্র, রাসেল কারুজ্জামান, আর এস নিদু ভূষন কর্মকার, কানু লাল ঘোষ, প্রবীর দত্ত মিঠু, সুভাষ দাশ, শিপু বিশ্বাস, মানিক দাশ, উৎপল দে, রঞ্জন দাশ, অনিল কান্তি দে, টুন্টু দাশ বিজয়, খোকন দাশ, এম এ হক চৌধুরী রানা, মো. জিয়া উদ্দিন কাদের, এম এ নুরুন্নবী চৌধুরী, নেহার কান্তি দাশ, সাইফুল ইসলাম ও মিদুল মজুমদার।

চট্টগ্রাম-২১ ডিসেম্বর ২০১৭ খ্রি.

কাউন্সিলর হাবিবুল হক এর কফিনে ভারপ্রাপ্ত মেয়র, কাউন্সিলর ও চসিক কর্মকর্তা-কর্মচারীদের বিনম্র শ্রদ্ধা ও মরহুমের দাফন সম্পন্ন

গত ১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি. থাইল্যান্ডের ব্যাংককে একটি হাসপাতালে চিকিৎসারত অবস্থায় চট্টগ্রাম নগরী ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের কাউন্সিলর হাবিবুল হক মৃত্যুবরণ করেন। মরহুমের মরদেহ ১৯ ডিসেম্বর ২০১৭ খ্রি. বিকেলে চট্টগ্রাম পৌছে। ২০ ডিসেম্বর ২০১৭ খ্রি. সকাল সাড়ে ১০ টায় থেকে ১১ টা পর্যন্ত মরহুমের কফিন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ে রাখা হয়। সেখানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র

আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের পক্ষে কাউন্সিলরবৃন্দ, ভারপ্রাপ্ত মেয়র, সাধারণ ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ মরহুম হাবিবুল হকের কফিনে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে অনুষ্ঠিত মুনাজাতে সংসদ সদস্য এম আবদুল লতিফ, দিদারুল আলম এমপি, বাংলাদেশ আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক চৌধুরী মহিবুল হাসান নওফেল, ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মাহবুবুল আলম, কাউন্সিলর হাজী নুরুল হক, ছালেহ আহমদ চৌধুরী, মো. গিয়াস উদ্দিন, হাসান মুরাদ বিপ্লব, এইচ এম সোহেল, মো. আবদুল কাদের, সলিম উল্লাহ বাচ্চু, মোরশেদ আকতার চৌধুরী, মো. মোবারক আলী, আবুল হাসেম, জয়নাল আবেদীন, এ কে এম জাফরুল ইসলাম, ইয়াছিন চৌধুরী আশু, শফিউল আলম, জহুরুল আলম জসিম, আবিদা আজাদ, আঞ্জুমান আরা, শাহানুর বেগম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, ভারপ্রাপ্ত সচিব ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া শিরিন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় ও শাখা প্রধানগণ অংশগ্রহণ করেন। মরহুম হাবিবুল হকের নামাজে যানাজা বাদে জোহর বন্দর উচ্চ বিদ্যালয় ও কলেজ মাঠে অনুষ্ঠিত হয়। পরে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

চট্টগ্রাম-২১ ডিসেম্বর ২০১৭ খ্রি.

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০১৭ (২য় রাউন্ড) উদযাপন উপলক্ষ্যে সংবাদ সম্মেলন

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০১৭ (২য় রাউন্ড) সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে জনগণের ব্যাপক অংশগ্রহণ ও প্রচারের নিমিত্তে জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের গাইড লাইন অনুযায়ী ২১ ডিসেম্বর ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, বেলা ১১ টায় সদরঘাট রোড আলকরণ মোড়স্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালের (২য় তলা) মিলনায়তনে সংবাদ সম্মেলন অনুর্ষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন স্বাস্থ্য ও শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি ও ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক। সংবাদ সম্মেলনে ডা. মোহাম্মদ আলী, ডা. আশীষ কুমার মুখার্জী, ডা. সুশান্ত বড়–য়া, ডা. তপন চক্রবর্ত্তী, ডা. ইমাম হোসেন রানা, ডা. মুজিবুল আলম, ডা. সুমন তালুকদার, ডা. রফিকুল ইসলাম ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ সংশ্লিষ্ট ডাক্তারবৃন্দ উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে আগামী ২৩ ডিসেম্বর ২০১৭ খ্রি. শনিবার, সকাল ৮ টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জেনারেল হাসপাতালে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর মধ্য দিয়ে সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০১৭ (২য় রাউন্ড) উদযাপিত হবে বলে জানানো হয়। এতে আরো বলা হয় এ কর্মসূচির আওতায় ৬-১১ মাস বয়সী শিশুকে ১টি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল (১ লক্ষ আইইউ) এবং ১২-৫৯ মাস বয়সী শিশুকে ১টি লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল (২ লক্ষ আইইউ) খাওয়ানো হবে। জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন

কর্মসূচির আওতায় নগরীর ৪১টি ওয়ার্ডে স্থায়ী ও অস্থায়ী মোট ১২৮৮টি কেন্দ্র থেকে ৬ - ১১ মাস বয়সী প্রায় ৮০ হাজার এবং ১২-৫৯ মাস বয়সী প্রায় ৪ লক্ষ ৫০ হাজার শিশুকে ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে। এ কর্মসূচি বিরতিহীনভাবে বিকেল ৪ টা পর্যন্ত চলবে। কর্মসূচি সফল করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর, ইপিআই সদর দপ্তর, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জাতীয় পুষ্টি সেবা, সিভিল সার্জন চট্টগ্রাম, বিভাগীয় পরিচালক স্বাস্থ্য চট্টগ্রাম, বিশ্ব স্বাস্থ্য সংস্থা , ইউনিসেফসহ সকল সরকারি, বেসরকারি সংস্থার সহযোগিতার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন কৃতজ্ঞতা প্রকাশ করেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধীনে পরিচালিত ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন (২য় রাউন্ডে) সরকারি, বেসরকারি সংস্থার কর্মকর্তা ছাড়াও চসিকের ৩ হাজার স্বেচ্ছাসেবক, জোনাল মেডিকেল অফিসার, মেডিকেল অফিসার, ইপিআই টেকনিশিয়ান, সুপারভাইজার, স্বাস্থ্য সহকারী, টিকাদান ও স্বাস্থ্যকর্মী, নিয়োজিত থাকবে।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা